

বাংলা বিভাগ  
যাদবপুর বিশ্ববিদ্যালয়  
ম্নাতক প্রবেশিকা পরীক্ষা, ২০২৩

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

১. যে কোনো একটি বিষয়ে নিবন্ধ রচনা করো।

১x২০ = ২০

ক. যে বইটি পড়ে তোমার ভালো লাগেনি।

খ. মহাভারতের প্রিয় চরিত্র।

গ. ব্যোমকেশের বুদ্ধিমান প্রতিপক্ষরা।

ঘ. তোপসে আর সম্ভর যদি দেখা হয়ে যেত।

ঙ. স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ, স্মৃতি দিয়ে ঘেরা।

চ. তোমার বিশ্বাস, তোমার অবিশ্বাস।

ছ. যে-সিনেমা তোমাকে ভাবিয়েছে।

জ. রবীন্দ্রনাথ-পরবর্তী বাংলা গান

২. নিম্নলিখিত যে-কোনো দুটি চরিত্র প্রসঙ্গে পাঠক হিসেবে তোমার মতামত জানাও।

২ x ৫ = ১০

ক. বেহুলা      খ. ভাঁড়ু দত্ত      গ. বিরিঞ্চিবাবা      ঘ. পঞ্চক      ঙ. ইন্দ্রনাথ

চ. পাগলা দাশু      ছ. শঙ্কর      জ. টেনিদা      ঝ. নীললোহিত      ঞ. মাধবীলতা

ট. মিসির আলি      ঠ. ওবেলিক্স      ড. হারমায়োনি গ্রেঞ্জার

৩. নিম্নলিখিত যে কোনো একটি অংশ সহজ বাংলায় অনুবাদ করো।

১ x ১০ = ১০

ক. It was only a smile, nothing more. It didn't make everything all right. It didn't make anything all right. Only a smile. A tiny thing. A leaf in the woods, shaking in the wake of a startled bird's flight. But I'll take it. With open arms. Because when spring comes, it melts the snow one flake at a time, and maybe I just witnessed the first flake melting.

[ Turn over

I ran. I ran with the wind blowing in my face, and a smile as wide as the valley of Panjsher on my lips.

অথবা

খ. Early the next morning the Mayor was walking in the square below in company with the Town Councilors. As they passed the column he looked up at the statue: 'Dear me! How shabby the Happy Prince looks!' he said.

So they pulled down the statue of the Happy Prince. 'As he is no longer beautiful he is no longer useful,' said the Art Professor at the University.

Then they melted the statue in a furnace, and the Mayor held a meeting of the Corporation to decide what was to be done with the metal. 'We must have another statue, of course,' he said, 'and it shall be a statue of myself.'

৪. নীচের যে কোনো একটি উদ্ধৃতি প্রসঙ্গে তোমার ভাবনা বিস্তারে লেখো।

১ x ১০ = ১০

ক. “মানুষের ভাষা তবু অনুভূতিদেশ থেকে আলো/ না পেলে নিছক ক্রিয়া; বিশেষণ; এলোমেলো নিরাশ্রয় শব্দের কঙ্কাল;”

খ. “এমন দুঃখ আছে যাকে ভোলার মতো দুঃখ আর নেই”

অথবা

৫. নীচের যে কোনো একটি অংশের একটি পাঠ-প্রতিক্রিয়া লেখো।

১ x ১০ = ১০

ক.

রথযাত্রার দিন কাছে।

তাই রানী রাজাকে বললে, “চলো, রথ দেখতে যাই।”

রাজা বললে, “আচ্ছা।”

ঘোড়াশাল থেকে ঘোড়া বেরোল, হাতিশাল থেকে হাতি। ময়ূরপঙ্খী যায় সারে সারে, আর বল্লম হাতে সারে সারে সিপাইসান্ধি। দাসদাসী দলে দলে পিছে পিছে চলল।

কেবল বাকি রইল একজন। রাজবাড়ির ঝাঁটার কাঠি কুড়িয়ে আনা তার কাজ।

সর্দার এসে দয়া করে তাকে বললে, “ওরে, তুই যাবি তো আয়।”

সে হাত জোড় করে বললে, “আমার যাওয়া ঘটবে না।”

রাজার কানে কথা উঠল, সবাই সঙ্গে যায়, কেবল সেই দুঃখীটা যায় না।

রাজা দয়া করে মন্ত্রীকে বললে, “ওকেও ডেকে নিয়ো।”

রাস্তার ধারে তার বাড়ি। হাতি যখন সেইখানে পৌঁছল মন্ত্রী তাকে ডেকে বললে, “ওরে দুঃখী, ঠাকুর দেখবি চল।”

সে হাত জোড় করে বলল, “কত চলব। ঠাকুরের দুয়ার পর্যন্ত পৌঁছই এমন সাধ্য কি আমার আছে।”

মন্ত্রী বললে, “ভয় কী রে তোর, রাজার সঙ্গে চলবি।”

সে বললে, “সর্বনাশ! রাজার পথ কি আমার পথ!”  
 মন্ত্রী বললে, “তবে তোর উপায়? তোর ভাগ্যে কি রথযাত্রা দেখা ঘটবে না।”  
 সে বললে, “ঘটবে বৈকি। ঠাকুর তো রথে করেই আমার দুয়ারে আসেন।”  
 মন্ত্রী হেসে উঠল। বললে, “তোর দুয়ারে রথের চিহ্ন কই।”  
 দুঃখী বললে, “তাঁর রথের চিহ্ন পড়ে না।”  
 মন্ত্রী বললে, “কেন বল্ তো।”  
 দুঃখী বললে, “তিনি যে আসেন পুষ্পকরথে।”  
 মন্ত্রী বললে, “কই রে সেই রথ।”  
 দুঃখী দেখিয়ে দিলে, তার দুয়ারের দুই পাশে দুটি সূর্যমুখী ফুটে আছে।

খ.

দুঃখসুখের ঝোঁকে  
 বলতে গেছি তোকে  
 তুই কি আমার বন্ধু হবি —  
 অম্নি কোথার থেকে  
 পায়ের মধ্যে অতর্কিতে  
 কামড়ে দিল জোঁকে  
 তোর সুরেলা গলার টানে  
 দৌড়ে এল লোকে।

সমান সমান সমান  
 তুই যে আমার বন্ধু হলি  
 এটাই তো তার প্রমাণ।

অন্ধকারে মুড়ে  
 এই আমাদের ভ্যাপসা গলি  
 পুরোনো থুথুরে।  
 হঠাৎ পাঁচিল ফুঁড়ে  
 একটা শাদা পাখির পালক  
 পড়ল এসে উড়ে —  
 কলকাতাটা পালটে গেল  
 এক ফালি রোদ্দুরে —

সমান সমান সমান  
 শহরটা যে আমাদেরও  
 এটাই তো তার প্রমাণ।